



বাংলা

তারিখ ... 1.6.OCT 1988
পৃষ্ঠা... 5/3

৩০

047

নব-নিযুক্ত প্রাথমিক
শিক্ষকদের বেতন
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রুম কার্যালয়, ৩/৭ আসাদ এভিনিউ
নিউ মোহাম্মদপুর ঢাকা-১২০৭
এর স্মারক নং-১০১৪ নিয়োগ
(প্রাপ্ত) তারিখ ১৪-৩-১০৯৫
বাং. ২৯-৬-৮৪ ইং মোতাবেক
নিয়োগপ্রাপ্ত সরকারী প্রাথমিক
শিক্ষকগণ চাকরিতে যোগদান
করার তিন মাস পরও কোন বেতন
পাননি। স্মারকে উল্লেখ করা হয়
যে নবনিযুক্ত সরকারী প্রাথমিক
শিক্ষকদের বাস্তব ২০৫-উন্নয়ন
শিক্ষা-ক-১-প্রাথমিক শিক্ষা-ক
১(১) সর্বজনীন প্রাথমিক শিক্ষা
প্রবর্তন (জাতীয়) সংশোধিত

প্রকল্প কোড নং-১১০-৮০১-
০২০৮/১৯৮০ কোর এর বেতন ও
সম্মানী উপখর্ড থেকে মিটানো
হবে।
সর্বজনীন প্রাথমিক শিক্ষা
(২য় পর্যায়) প্রকল্পের আওতার
শিক্ষা মন্ত্রণালয়ের ৬-৬-৮৭ ইং
তারিখে শাঃ ৭/২-এ-৫/৮৭/৪৪৫
শিক্ষা নং স্মারকে সৃষ্ট সরকারী
প্রাথমিক বিদ্যালয়ের জন্য সহকারী
শিক্ষকের পদের মধ্যে ঢাকা মহা-
নগরীর জন্য বরাদ্দকৃত ২০২টি
পদে এই নিয়োগ প্রদান করা হয়।
সংশ্লিষ্ট থানা ও জেলা শিক্ষা
অফিসের সাথে যোগাযোগ করেও
শিক্ষকদের বেতন প্রাপ্তির ব্যাপারে
কোন নিশ্চয়তা পাওয়া যায়নি। এই
দুর্ভাগ্যের বাজারে দরিদ্র প্রাথমিক
শিক্ষকদের মাসের পর মাস বেতন
না পেলে কি করে দিন চলেবে তা
কত পক্ষের অবশ্যই ভেবে দেখা
প্রয়োজন। তাছাড়া এবারের ভয়া-
বহ বন্যা পরিস্থিতির জন্যও জীবন
বিপন্ন। এ অবস্থায় উর্ধ্বতন
কর্তৃপক্ষের কাছে বিনীত অনুরোধ
রোধ নবনিযুক্ত দরিদ্র প্রাথমিক
শিক্ষকদের বেতন প্রদান করার
ব্যাপারে ত্বরিত ব্যবস্থা নিয়ে এই
দুর্দিনে তাদের বেঁচে থাকতে
সাহায্য করুন।
—জনৈক ভুক্তভোগী
সরকারী প্রাথমিক শিক্ষিকা।